NETAJI SUBHAS OPEN UNIVERSITY

DEPARTMENT OF CONTROLLER OF EXAMINATIONS

134/1, Meghnad Saha Sarani Kolkata-700029

☎: 2465-6936; Fax: 2463-0293

Memo No.: COE/253/22 **Date: 02/09/2022**

বিজ্ঞপ্তি

BDP ONLINE TERM-END EXAMINATION (THEORY and PRACTICAL) DECEMBER-2021 & JUNE-2022

এবং

UNDERGRADUATE DEGREE PROGRAMME (UNDER CBCS) ONLINE TERM-END EXAMINATION (THEORY and PRACTICAL) DECEMBER-2021 (SEM-I) & JUNE-2022 (SEM-II)

- এর নির্দেশাবলী

Online Term-End পরীক্ষা দেওয়ার সময়সীমা :

(07.09.2022, বেলা 02:00 টা থেকে 14.09.2022, বেলা 02:00 টা)

সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা নিজেদের সুবিধামতো ওপরে উল্লিখিত সময়সীমার মধ্যে (7 দিন 24 ঘন্টা) **Term-End** পরীক্ষা দিতে পারবেন।

পরীক্ষার্থীদের নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে অনুরোধ করা হচ্ছে :-

১. ক) যে পরীক্ষার্থীগণ সমস্ত প্রাক পরীক্ষার শর্তাবলী (যেমন - পূরণ করা পরীক্ষার ফর্ম জমা দেওয়া Online Assignment জমা দেওয়া, fees জমা দেওয়া ইত্যাদি) যথাযথ ভাবে সম্পন্ন করেছেন, শুধুমাত্র সেই শিক্ষার্থীগণ **BDP Online Term-End Examination (Theory and Practical) December-2021 & June-2022** এবং **Undergraduate Degree Programme (Under CBCS) Online Term-End Examination (Theory and Practical) December-2021 (SEM-I) & June-2022 (SEM-II)** পরীক্ষায় অংশ নিতে পারবেন।

খ) উল্লিখিত পরীক্ষার 'Admit Card' পরীক্ষার্থীরা একটি নির্দিষ্ট Portal (**www.nsoucebdp.com / www.wbnsou.ac.in**) থেকে পাবেন এবং এই Admit Card download করে **HARD COPY** অবশ্যই পরীক্ষার্থীকে নিজের কাছে সুরক্ষিত রাখতে হবে।

২. যদি Portal-এ 'invalid student' দেখানো হয় তবে তা নিম্নলিখিত কারণে :-

ক) শিক্ষার্থী পূরণ করা পরীক্ষার ফর্ম সঠিক ভাবে যথা সময়ে জমা করেননি।

খ) পরীক্ষার্থী কোনো Assignment জমা দেননি।

৩. পরীক্ষার্থীরা সক্রিয় ডেটা সংযোগ যুক্ত **স্মার্টফোন, ট্যাব (ট্যাবলেট পি সি), ল্যাপটপ অথবা ডেস্কটপ কম্পিউটারের** মাধ্যমে উল্লিখিত পরীক্ষায় অংশ নিতে পারবেন। **কিন্তু কোনো পরীক্ষার্থী কখনোই একইসঙ্গে একাধিক ডিভাইসের সঙ্গে সংযুক্ত থেকে পরীক্ষা দিতে পারবেন না।**

৪. **BDP Online Term-End Examination (Theory and Practical) December-2021 & June-2022** - এর জন্য একটি সুনির্দিষ্ট **Portal (https://bdptee22.nsou.smartestexam.com)** এবং **Undergraduate Degree Programme (Under CBCS) Online Term-End Examination (Theory and Practical) December-2021 (SEM-I) & June-2022 (SEM-II)**-এর পরীক্ষার জন্য অপর একটি সুনির্দিষ্ট **Portal (https://ugtee22.nsou.smartestexam.com)** ব্যবহার করতে হবে। পরীক্ষার্থীগণ **Enrolment Number, Date of Birth** এবং **Roll Number (Admit Card** এবং **Enrolment Certificate cum Identity Card** অনুযায়ী) লিখে এই **Portal**-এ login করতে পারবেন। **Login** করার সময় পরীক্ষার্থীগণ **Registered Mobile Number** অথবা **Alternative Mobile Number** দেবেন এবং সেই **Mobile Number**-এ **OTP** যাবে। **Admit Card এবং Enrolment Certificate cum Identity Card**-এ লিখিত তথ্য গোপন রাখা আবশ্যিক। কোনো শিক্ষার্থী তার পাঠক্রমের মধ্যে Registered Mobile Number এবং Alternative Mobile Number পরিবর্তন করতে পারবেন না।

৫. **Online Term-End** পরীক্ষার **Portal**-গুলি **07.09.2022 বেলা 02:00** টা থেকে খোলা হবে এবং **14.09.2022 বেলা 02:00 টায়** বন্ধ করা হবে (7 দিন 24 ঘন্টার জন্য)।

৬. পরীক্ষার্থীদের (07.09.2022 বেলা 02:00 টা থেকে 14.09.2022 বেলা 02:00 টা) নির্দিষ্ট সময়ের (7 দিন 24 ঘন্টার জন্য) মধ্যে Admit Card-এ উল্লিখিত পত্রগুলির পরীক্ষা দিতে হবে।

৭. পরীক্ষার্থীরা নিজের সুবিধামতো যেকোনো সময়ে (ওপরে উল্লিখিত সময় সীমার মধ্যে) পছন্দ অনুযায়ী যেকোনো paper পরীক্ষা দিতে পারবেন। তবে একটি paper সম্পূর্ন করে 'submit' করার পরই অন্য paper open করার সুযোগ পাওয়া যাবে। যেহেতু পরীক্ষার সময়সীমা 100/70 নম্বরের জন্য 3 ঘন্টা এবং 50 নম্বরের জন্য 2 ঘন্টা, তাই পরীক্ষার শেষ দিন পরীক্ষা শেষ হওয়ার 2/3 ঘন্টা আগে পরীক্ষার Portal-এ login করতে হবে।

৮. এই পরীক্ষার জন্য **MCQ** পদ্ধতি অনুসরণ করা হবে।

৯. পরীক্ষার্থীদের যথাযথ জায়গায় টিক (✓) দিয়ে প্রশ্নের উত্তর দিতে হবে।

১০. পরীক্ষার্থীরা একটি নির্দিষ্ট পত্রের জন্য 3 **ঘন্টা** (যদি পূর্ণ মান 100/70 হয়) এবং 2 **ঘন্টা** (যদি পূর্ণ মান 50 হয়) সময় পাবেন। তারপর সংশ্লিষ্ট পত্রের সময়সীমা শেষ হয়ে যাবে।

১১. **BDP পরীক্ষার্থীদের জন্য** একটি নির্দিষ্ট পত্রের 100 নম্বরের পরিবর্তে, পরীক্ষার্থীদের 20 টি 1 নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ 20 নম্বরের মান 100 নম্বরের মানের সমান। যেখানে পূর্ণ মান 50, পরীক্ষার্থীদের 10 টি 1 নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ 10 নম্বরের মান 50 নম্বরের মানের সমান। **UGDP (CBCS) পরীক্ষার্থীদের জন্য** একটি পত্রের পূর্ণমান 70 হলে পরীক্ষার্থীকে 14টি প্রশ্নের (প্রতিটি 5 নম্বরের) এবং পূর্ণমান 50 হলে পরীক্ষার্থীকে 10টি প্রশ্নের (প্রতিটি 5 নম্বরের) উত্তর দিতে হবে।

১২. একটি পত্রের সব প্রশ্ন একসঙ্গে দেওয়া হবে না। অর্থাৎ পরীক্ষার্থীগণ কোন একটি পত্রের সমস্ত প্রশ্ন একসঙ্গে দেখতে পাবেন না। একটি প্রশ্নের উত্তর 'submit' করার পরই পরের প্রশ্নের সম্মুখীন হওয়া যাবে। পরের প্রশ্নে যাওয়ার জন্য আগের উত্তর 'submit' করতে হবে। পরবর্তী প্রশ্নগুলির জন্যও একই পদ্ধতি অনুসরণ করতে হবে।

১৩. এই পরীক্ষায় যদি কোনো পরীক্ষার্থী কোনও প্রশ্নের উত্তর দিতে না পারেন এবং প্রশ্নটি এড়িয়ে যেতে চান, তিনি সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর না দিয়েই 'submit' করে পরের প্রশ্নের সম্মুখীন হতে পারেন। কিন্তু সেক্ষেত্রে তিনি ঐ প্রশ্নের পরিবর্তে কোনও বিকল্প প্রশ্ন পাবেন না।

১৪. এই পরীক্ষায় একবার উত্তর 'submit' করার পর, এটি আর কোনোভাবেই পরিবর্তন / সংশোধন করা যাবে না এবং কোনোভাবেই পূর্বের অবস্থানে ফিরে আসা যাবে না।

১৫. এই পরীক্ষায় negative marking থাকবে না।

১৬. **BDP** পরীক্ষার্থীগণ 100 নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য 9 (নয়) বার 'বিরতি' (pause) এবং 50 নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য 4 (চার) বার 'বিরতি' (pause) পাবেন এবং **UGDP (CBCS)** এর পরীক্ষার্থীরা 70 নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য 7 (সাত) বার 'বিরতি' (pause) এবং 50 নম্বরের জন্য 4 (চার) বার 'বিরতি' (pause) নিতে পারবেন। এই বিরতির (pause) সময়টুকু মূল পরীক্ষার সময়কালের মধ্যে অন্তর্ভুক্ত করা হবে না এবং বিরতির আগে পরীক্ষার্থীর 'submit' করা উত্তর যথারীতি সংরক্ষিত (saved) থাকবে। যে কোনও বিরতির পর কোনো পরীক্ষার্থী পুনরায় login করে পরীক্ষায় যোগ দিতে পারবেন, তবে আগের প্রশ্নের পরিবর্তে তিনি একই পত্রের একই ক্রমাঙ্কের একটি নতুন প্রশ্ন পাবেন। সমস্ত বিরতির (pause) সুযোগ নেওয়ার পর সময় শেষ বলে ধরে নেওয়া হবে। সেক্ষেত্রে পরীক্ষার্থীগণ আর সংশ্লিষ্ট পত্রের উত্তর দেবার সুযোগ পাবেন না। **পরীক্ষার্থীগণ 'বিরতি'(pause) নেওয়ার সময় যে ডিভাইসে পরীক্ষা দিচ্ছেন তা কোনোভাবেই Refresh/Reload করা যাবেনা।**

১৭. পরীক্ষার্থীকে প্রতিটি পত্রের পরীক্ষা সম্পূর্ণ হবার ঠিক পরই, **'Acknowledgement Slip'**টি download ও print করে নিতে হবে। এটি বাধ্যতামূলক। পরীক্ষার্থী তার পরীক্ষার প্রমানস্বরূপ এই Acknowledgement Slip-টির **HARD COPY** সংরক্ষিত রাখবে।

১৮. পরীক্ষা শেষ হওয়ার সাত দিন পর পরীক্ষার্থীকে পরীক্ষার **'CHALLAN'** download করে print copy অবশ্যই নিতে হবে। তবে মনে রাখতে হবে ঐ **HARD COPY** শুধুমাত্র পরীক্ষার্থীদের ব্যক্তিগত সংরক্ষণের জন্য। **এগুলো কোথাও জমা দেওয়ার কোনো প্রয়োজন নেই।**

১৯. যেসব পরীক্ষার্থী BDP Online Term-End পরীক্ষায় EMT-16 পত্রটি পরীক্ষা দেবেন, তারা নিম্নলিখিত বিষয়টি নজর দিন:

ক) যেসব পরীক্ষার্থী July-2017-এর মধ্যে ভর্তি হয়েছেন, তাদের ক্ষেত্রে **EMT-16** এর দুটি অংশ-একটি তাত্ত্বিক [(Theoretical)/(30 marks)] এবং অন্যটি ব্যবহারিক [(Practical)/(20 marks)]। তাত্ত্বিক অংশের জন্য 1নম্বরের 10 টি প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ 10 নম্বরের মান 30 (full marks) নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে। এই পরীক্ষার জন্য পরীক্ষার্থীগণ 1 ঘন্টা সময় পাবেন। 20 নম্বরের ব্যবহারিক পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের 2 নম্বরের 10 টি প্রশ্নের উত্তর দিতে হবে। এই পরীক্ষার সময়সীমাও 1 ঘন্টা। পরীক্ষার্থীরা 50 নম্বরের পরীক্ষার জন্য 4(চার) বার 'বিরতি' (pause) গ্রহণ করতে পারেন।

খ) যেসব পরীক্ষার্থী July-2018 এবং তৎপরবর্তী সময়ের মধ্যে ভর্তি হয়েছেন, তাদের ক্ষেত্রে EMT-16 শুধুমাত্র ব্যবহারিক [(Practical)/ (50 marks)] এর হবে। EMT-16 এর এই Practical paper-টি 10 MCQs (প্রত্যেকটি 5 নম্বরের) হবে যার জন্য পরীক্ষার্থীরা 1 ঘন্টা সময় পাবেন। পরীক্ষার্থীরা এই 50 marks-এর পরীক্ষার জন্য 4(চার) বার 'বিরতি' (Pause) পাবেন।

২০. পরীক্ষা চলাকালীন কোন অসাধু উপায় অবলম্বন করলে তা বিশ্ববিদ্যালয়ের e-surveillance ব্যবস্থার মাধ্যমে চিহ্নিত হতে পারে এবং সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মান্য করতে হবে।

এ বিষয়ে পরবর্তী কোনো তথ্যাদির জন্য সকল পরীক্ষার্থীদের নিয়মিত NSOU-এর website দেখতে অনুরোধ করা হচ্ছে।

Helpline Number : 9830338974
তারিখ ঃ 07.09.2022 থেকে 14.09.2022
সময়কাল: সকাল 11:00 টা থেকে বিকেল 5:00 টা

07/09/22

Prepared by

(Rokeya Ray)
Controller of Examinations

D:\IBM RACK_SERVER BACK UP AS ON 03022022\ALL_DOCUMENTS\Conttroller Deptt\BDP_PG_Online_Exam\BDP_UG_Beng_Online_TEE_Instruction_2022.docx